

Telephone Conversation between PM and President of Republic of Korea

April 09, 2020

মাননীয় প্রধানমন্ত্রী এবং কোরিয়া প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 09, 2020

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ কোরিয়া প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হিজ এক্সিলেন্সি মুন জে-ইন এর সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

মাননীয় প্রধানমন্ত্রী মোদী গতবছরে তার কোরিয়া প্রজাতন্ত্র সফর নিয়ে উষ্ণ স্মৃতিচারণা করেছেন এবং দুই দেশের মধ্যে বাড়তে থাকা ঘনিষ্ঠ সম্পর্ক নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেছেন।

দুই নেতা বিশ্বব্যাপী কোভিড-19 অতিমারি নিয়ে এবং তার ফলে উদ্ভূত বিশ্বস্বাস্থ্য ব্যাবস্থা এবং অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। এই অতিমারির মোকাবিলা করতে তাদের দেশগুলি কি কি পদক্ষেপ নিয়েছে সেই বিষয়ে তারা তথ্য আদানপ্রদান করেছেন।

এই সঙ্কট মোকাবিলা করার ব্যাবস্থাপনায় কোরিয়া প্রজাতন্ত্র যে প্রযুক্তি নির্ভর পদ্ধতি ছড়িয়ে দিয়েছে মাননীয় প্রধানমন্ত্রী তার প্রশংসা করেছেন। যে পথে ভারতীয় কতৃপক্ষ অতিমারির বিরুদ্ধে লড়াইয়ের উদ্দেশ্যে বিশাল ভারতীয় জনগণকে ঐক্যবদ্ধ হতে অনুপ্রাণিত করতে পেরেছে তা নিয়ে রাষ্ট্রপতি মুন জে-ইন প্রশংসা করেছেন।

ভারতে থাকা কোরিয়ার নাগরিকদের জন্য ভারতীয় কতৃপক্ষ যে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে কোরিয়ার রাষ্ট্রপতি মাননীয় প্রধানমন্ত্রীকে সেই বিষয়ে ধন্যবাদ জানিয়েছেন।

চিকিৎসা সংক্রান্ত সরঞ্জামের যোগান এবং পরিবহণে সুবিধা করে দেওয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী কোরিয়া প্রজাতন্ত্রের সরকারকে প্রশংসা করেছেন।

দুই নেতা সহমত হয়েছেন যে তাদের বিশেষজ্ঞরা একে অপরের সাথে পরামর্শ করে চলবে এবং কোভিড-19 এর সমাধান বের করার জন্য যে গবেষণা চলছে সেই বিষয়ে অভিজ্ঞতা আদানপ্রদান করবে।

কোরিয়া প্রজাতন্ত্রে আসন্ন জাতীয় অ্যাসেম্বলি নির্বাচনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি মুনকে তার শুভকামনা জানিয়েছেন।

নিউ দিল্লি

এপ্রিল 09,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.